

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পশ্চীম উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ২২ আষাঢ় ১৪২৪/০৬ জুলাই ২০১৭

নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩১.১৫.৪৭৮—যেহেতু, অধ্যাপক এম এ মান্নান, পিতা-মৃত
কছিম উদ্দিন আকন্দ, গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র; এবং

যেহেতু, অধ্যাপক এম এ মান্নান, মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন এবং জনাব মোঃ গোলাম
কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন এর বি঱ক্তে গাজীপুর জেলার জয়দেবপুর
থানার ফৌজদারী মামলা নং ৫৬(৬)১৬, জি আর নং ৭৬৩/১৬ হতে উদ্ভূত (বিশেষ মামলা
নং ০২/১৭, বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, গাজীপুর), ধারাঃ দণ্ডবিঃ ৪০৯/১০৯/৪৬৭/৪৬৮/
৪৭১ ও ১৯৪৭ সালের দুর্নীতি দমন প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলা দায়ের হয়েছে; এবং

যেহেতু, উল্লিখিত মামলায় অধ্যাপক এম এ মান্নান এর বি঱ক্তে মেয়র পদে দায়িত্ব পালনকালে
সিটি কর্পোরেশনের আগ ও দরিদ্র তহবিলের আয়সমূহ কোন ব্যাংক হিসাবে না রেখে নিয়ম
বহির্ভূতভাবে ক্যাশ-ইন-হ্যান্ড হিসাবে জনাব মোঃ গোলাম কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা এর নিকট
রাখেন এবং তাঁরা পরস্পর যোগসাজসে ক্ষমতার অপব্যবহার, প্রতারণা ও অপরাধমূলক বিশ্বাস ভংগ
এবং টাকা ইহীতার স্বাক্ষরবিহীন ১৯৯ (নয় শত নিরানৰবই) টি ভূয়া ভাউচার সৃজন করে গাজীপুর
সিটি কর্পোরেশনের মোট ৪৯,০১,৮৪৮/- (উনপঞ্চাশ লক্ষ এক হাজার আঠশত আঠচল্লিশ) টাকা
আত্মসাং করেন মর্মে অভিযোগ করা হয়েছে; এবং

(৭৬৯৩)
মূল্য : টাকা ৪.০০

যেহেতু, উল্লিখিত মামলায় আসামীদয় (১) অধ্যাপক এম এ মান্নান, মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন এবং (২) জনাব মোঃ গোলাম কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন এর বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগের বিষয়ে তদন্তকালে সিটি কর্পোরেশনের ৬(ছয়) জন কর্মকর্তা-কর্মচারীসহ মোট ৮(আট) জন সাক্ষী সাক্ষ্য প্রমাণ দিয়েছেন এবং তদন্ত শেষে প্রাথমিক সত্যতার ভিত্তিতে মামলার অভিযোগপত্র (নং ৩৫, তারিখ: ১২/১/২০১৭) ১২ জানুয়ারি ২০১৭ তারিখে বিজ্ঞ বিশেষ জজ আদালত, গাজীপুর-এ দাখিল হয়েছে; এবং

যেহেতু, দংশবিঃ ৪০৯/১০৯/৮৬৭/৮৬৮/৮৭১ ও ১৯৪৭ সালের দুর্নীতি দমন প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দাখিলকৃত অভিযোগপত্র (নং ৩৫, তারিখ: ১২/১/২০১৭) বিজ্ঞ বিশেষ জজ আদালত, গাজীপুর কর্তৃক গত ১৮-০১-২০১৭ তারিখে গৃহীত হয়েছে; এবং

যেহেতু, একই অভিযোগে অভিযুক্ত উক্ত মামলার আসামী জনাব মোঃ গোলাম কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা-কে গাজীপুর সিটি কর্পোরেশন স্মারক জিসিসি/প্রশাঃ/সাধাঃ/২০১৭/৫৬৫/১, তারিখ: ০৮ নভেম্বর ২০১৬ মূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে; এবং

যেহেতু, অধ্যাপক এম এ মান্নান, ক্ষমতার অব্যবহার, প্রতারণা, অপরাধমূলক বিশ্বাস ভঙ্গ ও অর্থ আত্মাণ এর অভিযোগে অভিযুক্ত হয়েছেন এবং অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে, যা সিটি কর্পোরেশনের মেয়র এর নৈতিক মানদণ্ড ও ভাবমূর্তির পরিপন্থী এবং এ অবস্থায় মেয়র হিসেবে দায়িত্ব পালন করলে সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের নৈতিক মনোবল ক্ষুণ্ণ হওয়া, সাক্ষ্য প্রমাণাদি বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হওয়া এবং গুরুত্বপূর্ণ সাক্ষীগণের সাক্ষ্য প্রভাবিত হওয়ার যৌক্তিক আশংকা রয়েছে। এ প্রেক্ষিতে, তাঁর দ্বারা মেয়র এর ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী এবং জনপ্রতিনিধি হিসাবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মাণ হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলের বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্তকরণের বিধান রয়েছে;

সেহেতু, উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায় গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র অধ্যাপক এম এ মান্নান-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শহীদুল ইসলাম
উপসচিব।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd